


রাবি: রুয়েটের ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বের হওয়া আনন্দ র‍্যালি —ইত্তেফাক

# রুয়েটের ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

■ রাবি সংবাদদাতা

ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে শনিবার রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়।

জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন এবং ফেস্টুন ও পায়রা উড়ানোর মাধ্যমে দিনব্যাপী কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম শেখ। দিবসটি উপলক্ষে রুয়েটে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রা শেষে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন চত্বরে কেক কাটা ও বৃক্ষরোপণ করা হয়।

Share on :

close

দৈনিক ই-ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া